ফাতওয়া নাম্বার:৩১০ প্রকাশকালঃ২৫-১২-২০২২ইং

মসজিদ ছাড়া অন্য কোনো স্থানে কি জুমআর নামায পড়া যায়?

প্রশ্নঃ

মসজিদ ছাড়া ঘরে কিংবা অন্য কোনো স্থানে কি জুমআর নামায পড়া যায়?

উত্তরঃ

শরীয়তে জুমআর সালাত জামে মসজিদে আদায় করাই কাম্য। তবে গ্রহণযোগ্য কোনো ওজরের কারণে ঘরে বা অন্য কোনো স্থানেও আদায় করা যায়; যদি জামাআত, খুতবা ও 'ইযনে-আম' তথা সর্বসাধারণের তাতে অংশগ্রহণের সুযোগ ও অনুমতির মতো জুমআ সহীহ হওয়ার অন্যান্য শর্তগুলো বিদ্যমান থাকে। পক্ষান্তরে কোনো ওজর ছাড়া সব শর্ত পূরণ করেও ঘরে জুমআ আদায় করা মাকরুহে তাহরীমি। -মুসান্নাফ ইবনে শাইবাহ: ৫৫৪৮; আদ্দুররুল মুখতার: ২/১৪৪ ও ১৫১; মারাকিল ফালাহ, পৃ: ১৯৪; মাবসুতে সারাখসী: ২/২৫; ফাতাওয়া হিন্দিয়া: ১/১৪৮; ফাতাওয়া ওয়ালওলিজিয়্যাহ: ১/১৫০; মুহিতে বুরহানী: ৪/১৪৩; আল-হাভীল কুদসী: ১/২৩৬

والله سبحانه وتعالى أعلم

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০৭-০৫-১৪৪৪ হি.
০২-১১-২০২২ ঈ.